

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৯ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/২৩ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২৩-আইন/আয়কর/২০২০।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, মনোয়ারা ইসলাম-তাজুল ইসলাম কল্যাণ ট্রাস্ট, অতঃপর উক্ত ট্রাস্ট বলিয়া উল্লিখিত, এর সকল প্রকার আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, ৫ (পাঁচ) বৎসরের জন্য, এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তসমূহ:

- (ক) এই প্রজ্ঞাপনের মাধ্যমে কর অব্যাহতিপ্রাপ্ত আয় উক্ত ট্রাস্টের জনকল্যাণমূলক কাজে ব্যবহার করিতে হইবে; এবং
- (খ) উক্ত ট্রাস্টকে উক্ত Ordinance এর section 75 অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।



রাষ্ট্রপতির আদেশক্রমে
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।